দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 10 MAY 2003 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 6

# ঢাবি সিনেট নির্বাচন ॥ প্রচারে হেলিকপ্টার ব্যবহার, কুমিল্লায় চাঞ্চল্য

কুমিল্লা, ৯ মে, নিজস্ব সংবাদদাতা ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট নির্বাচনের প্রচার চালাতে জাতীয়তাবাদী ঐক্য পরিষদের এক প্রার্থী হেলিকপ্টারে করে শুক্রবার বিকালে কুমিল্লা ঈদগাহ মাঠে অবতরণ করলে পুলিশ, গোয়েন্দা ও স্থানীয় লোকজনের মধ্যে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। কোন রকম আগাম তথ্য না দিয়ে আকস্মিক এ হেলিকপ্টার নিয়ে আসায় গোয়েন্দা পুলিশ বেশ তৎপর হয়ে ওঠে। পরে হেলিকপ্টার আরোহী সম্পর্কে নিশ্চিত হলে তাদের মধ্যে স্বস্তি নেমে আসে।

জানা যায়, শুক্রবার বিকালে কুমিল্লা সার্কিট হাউসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট নির্বাচনের জাতীয়তাবাদী ঐক্য পরিষদের প্রার্থীদের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়। এতে ঐক্য পরিষদের প্রার্থীরা যোগ দেন। বিকাল ৫টার দিকে একটি হেলিকপ্টার কুমিল্লা শহরের আকাশে চক্কর দিয়ে ঈদগাহ মাঠে অবতরণ করলে গোয়েন্দা পুলিশসহ পুলিশ কর্তৃপক্ষের টনক নড়ে। পুলিশের ওয়্যারলেস সেটসহ টেলিফোনগুলো সচল হয়ে ওঠে। গোয়েন্দাসহ কোতোয়ালি পুলিশ ঈদগাহ মাঠে হাজির হয়।

খোঁজ খবর নিয়ে জানা গেছে, জাতীয়তাবাদী ঐক্য পরিষদের প্রার্থী সাউথ এশিয়ান এয়ারলাইন্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক উম্মে কুলসুম অপর সঙ্গীদের নিয়ে ৪ সিটের হেলিকপ্টারে করে ঢাকা থেকে কুমিল্লা আসেন। ঐ হেলিকপ্টারটি সাউথ এশিয়ান এয়ারলাইন্সের। ঈদগাহ মাঠে নেমেই তিনি সার্কিট হাউসে পরিচিতি সভায় যোগ দেন। আগাম তথ্য না দিয়ে আসায় হেলিকপ্টারটি সম্পর্কে গোয়েন্দারা নিশ্চিত হলে তাদের মধ্যে স্বস্তি নেমে আসে। তাৎক্ষণিক এক প্লাটুন পুলিশ ঈদগাহ মাঠে এসে হেলিকপ্টার ঘিরে দাঁড়ায়। হেলিকপ্টার দেখে ঈদগাহ মাঠে কয়েক শ' লোক জমে যায়।